বাগেরহাটে টেলিভিশনে কর্মরত সাংবাদিকদের মাঝে করোনা সুরক্ষা পোষাক বিতরণ

বাগেরহাট জেলা সদরে কর্মরত সকল টেলিভিশন সাংবাদিকদের করোনাভাইরাস সংক্রমন রোধে ব্যাক্তিগত সুরক্ষা পোষাক (পিপিই) দিলেন বঙ্গবন্ধুর ভ্রাতুষপুত্র বাগেরহাট – ১ আসনের এমপি শেখ হেলালা ও তার ছেলে বাগেরহাট সদর আসনের এমপি শেখ তন্ময়। সংসদ সদস্য দ্বয়ের ব্যক্তিগত তহবিল থেকে দেয়া এসব সুরক্ষা পোষাক পিপিই বাগেরহাট প্রেসক্লাব ভবনে আনুষ্ঠানিক ভাবে সাংবাদিকদের হাতে তুলে দেন বাগেরহাট-১ আসনের এমপি শেখ হেলাল উদ্দীনের একান্ত সহকারী ও জেলা আওয়ামী লীগ নেতা মো. ফিরোজুল ইসলাম।

বৃহস্পতিবার বিকালে বাগেরহাট জেলা সদরে কর্মরত টেলিভিশন সাংবাদিকদের সুরক্ষা পোষাক পিপিই আনুষ্ঠানিক ভাবে তুলে দেয়ার সময় অন্যান্যের মধ্যে বাগেরহাট সদর উপজেলা ভাইস চেয়ারম্যান খান রেজাউল ইসলাম, বাগেরহাট প্রেসক্লাবের সাধারন সম্পাদক তালুকদার আব্দুল বাকী, সহ- সভাপতি নীহার রঞ্জন সাহা, সহ-সাধারন সম্পাদক শেখ আজমল হোসেন, অর্থ সম্পাদক মো. ইয়ামিন আলী, সাবেক সভাপতি শেখ আহসানুল করিম, সাবেক সাধারন সম্পাদক মো. কামরুজ্জামান, আলী আকবর টুটুল, শওকাত আলী বাবু, এস এম সামছুর রহমান. ইসরাত জাহান, অলীপ ঘটক টেলিভিশনে কর্মরত সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

করোনাভাইরাসের হাত থেকে সুরক্ষায় বাগেরহাট জেলা সদরে টেলিভিশনে কর্মরত সাংবাদিকদের পিপিই দেয়ায় প্রেসক্লাবের পক্ষ থেকে এমপি শেখ হেলাল ও শেখ তন্ময়ের প্রতি কৃতজ্ঞতা জানানো হয়।